বাংলাদেশ ওভারসিজ এমপ্লয়মেন্ট অ্যান্ড সার্ভিসেস লিমিটেড (বোয়েসেল)
(প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীন বিদেশে জনশক্তি প্রেরণকারী একটি সরকারি প্রতিষ্ঠান)
স্থাপিত-১৯৮৪

৪৯.০২.০০০০.০০১.১৬.০০২.১৯/৮৩৯ তারিখ: ২৪.১০.২০১৯খ্রি.

বিষয়: প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের ২০১৮-২০১৯ অর্থ বছরের বার্ষিক প্রতিবেদনে অন্তর্ভুক্তির জন্য বোয়েসেল এর ২০১৮-২০১৯ অর্থ বছরের হালনাগাদকৃত প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।

সূত্র: প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের পত্র নং- ৪৯.০০০.০১৬.০০.০০.০০২.১১৮৫(৩৫);তারিখ: ১৭.১০.২০১৯খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রোস্থ স্মারকের প্রেক্ষিতে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের ২০১৮-২০১৯ অর্থ বছরের বার্ষিক প্রতিবেদনে অন্তর্ভুক্তির জন্য বোয়েসেল এর ২০১৮-২০১৯ অর্থ বছরের হালনাগাদকৃত প্রতিবেদন মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসংগে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে (০৭) সাত পাতা।

অনুমোদনক্রমে
২৪.১০.১৯
নূর আহমেদ
উপ-মহাব্যবস্থাপক
(প্রশাসন, মানবসম্পদ ও অর্থ)
বোয়েসেল, ঢাকা।
ফোন: ৯৩৩৬২৫৬

সচিব
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়

দৃষ্টি আকর্ষণ :
জনাব নাইমা আফরোজ ইমা
সিনিয়র সহকারী সচিব
সংসদ ও সমন্বয় অধিশাখা

24.10.19

অফিস ঠিকানা :
প্রবাসী কল্যাণ ভবন (৫ম তলা)
৭১-৭২ ইস্কাটন গার্ডেন
রমনা, ঢাকা-১০০০, বাংলাদেশ।

যোগাযোগ নম্বর :
ফোন : +৮৮-০২-৯৩৩৬৫০৮, ৯৩৬১৫১৫ ও ৯৩৬১১২৫ (পিএবিএক্স)
ইমেইল : info@boesl.org.bd / mdboesl@gmail.com
ওয়েব : www.boesl.org.bd / www.boesl.portal.gov.bd
ফ্যাক্স : ৫৮৩১-৬৫৭৭, ৯৩৩০৬৫২

# বোয়েসেলের বার্ষিক প্রতিবেদন ২০১৮-২০১৯

**বোয়েসেল গঠনের উদ্দেশ্য:**

বাংলাদেশের কর্মক্ষম ও বিদেশে চাকুরি করতে ইচ্ছুক নাগরিকদেরকে স্বল্প খরচে/বিনা খরচে বিদেশে কর্মসংস্থানের লক্ষ্যে ১৯৮৪ সালে কোম্পানি আইনের অধীনে বাংলাদেশ ওভারসিজ এমপ্লয়মেন্ট অ্যান্ড সার্ভিসেস লিমিটেড (বোয়েসেল) নামে একটি সরকারি জনশক্তি রপ্তানিকারক কোম্পানি নিম্নোক্ত উদ্দেশ্য প্রতিষ্ঠা করা হয়:

১। বিশ্বের সকল শ্রমশক্তি আমদানিকারক দেশে অতিরিক্ত অভিবাসন ব্যয় হ্রাস করে যুক্তিসংগত অভিবাসন খরচে বা বিনা খরচে শ্রমিক প্রেরণ;
২। বিদেশী নিয়োগকারী প্রতিষ্ঠানে "সঠিক কাজে সঠিক কর্মী নিয়োগ **"Right person for right job"** এ সহায়তা করা;
৩। প্রকৃত ও দক্ষ কর্মী প্রেরণ করে বিশ্ব শ্রম বাজারে বাংলাদেশের শ্রমিকদের ইতিবাচক ভাবমূর্তি **"Positive Image"** প্রতিষ্ঠা করে কর্মসংস্থানের মাধ্যমে দারিদ্রতা দূরীকরণ;
৪। বিদেশে জনশক্তি রপ্তানি করে বৈদেশিক মুদ্রা অর্জনের মাধ্যমে দেশের আর্থ সামাজিক অবস্থার উন্নয়নে সহায়তা করা;
৫। বিদেশে শ্রমশক্তি প্রেরণের কার্যক্রমকে সেবাধর্মী কার্যক্রমে রূপান্তরের মাধ্যমে দেশের দরিদ্র জনগোষ্ঠী বিদেশে প্রেরণের সুযোগ সৃষ্টি করা ও বৃদ্ধি করা;
৬। বিভিন্ন শ্রমশক্তি আমদানিকারক দেশসমূহের সঙ্গে যোগাযোগ করে ঐ সকল দেশে বাংলাদেশী শ্রমিক প্রেরণ করা;
৭। বিদেশে শ্রমশক্তি প্রেরণে নতুন নতুন বাজার অন্বেষণ করা।

**রূপকল্প:**

নৈতিকতার সাথে যুক্তিসংগত ব্যয়ে নিরাপদ অভিবাসন।

**অভিলক্ষ্য:**

১. নৈতিক অভিবাসন নিশ্চিত করা;
২. নিরাপদ অভিবাসন নিশ্চিত করা;
৩. যুক্তিসংগত ব্যয়ে অভিবাসন নিশ্চিত করা;
৪. নিয়োগকর্তা ও কর্মীর সাথে সরাসরি সম্পর্ক স্থাপন;
৫. অভিবাসন ব্যবস্থাপনায় দক্ষতা ও স্বচ্ছতা নিশ্চিত করা।

বোয়েসেলের পরিচালনা বোর্ড:

মেমোরেন্ডাম ও আর্টিকেলস অব অ্যাসোসিয়েশন অনুযায়ী বোয়েসেল-এর নীতিনির্ধারণ ও সার্বিক ব্যবস্থাপনার জন্য একটি পরিচালনা বোর্ড রয়েছে। বর্তমানে পরিচালনা বোর্ডের সকল সদস্য সরকার কর্তৃক মনোনীত। বোয়েসেল-এর চেয়ারপার্সন হিসাবে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়েল সচিব পরিচালনা বোর্ড কর্তৃক নির্বাচিত হয়ে বোয়েসেল পরিচালনা বোর্ডের দায়িত্ব পালন করেন।

বোয়েসেলের পরিচালনা বোর্ডের সদস্যবৃন্দের তালিকা:

| | | |
|---|---|---|
| ১. | সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়। | চেয়ারপার্সন |
| ২. | মহাপরিচালক, জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো। | পরিচালক |
| ৩. | অতিরিক্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়। | পরিচালক |
| ৪. | অতিরিক্ত সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়। | পরিচালক |
| ৫. | অতিরিক্ত সচিব, বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রণালয়। | পরিচালক |
| ৬. | যুগ্মসচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়। | পরিচালক |
| ৭. | মহাপরিচালক, পররাষ্ট্র মন্ত্রণালয়। | পরিচালক |

পরিচালনা বোর্ড কর্তৃক প্রণীত ও অনুমোদিত আর্থিক, প্রশাসনিক নীতিমালা অনুযায়ী বোয়েসেল পরিচালিত হয়।

**বোয়েসেল-এর জনবল:**

বর্তমানে বোয়েসেল ৬১ জন জনবল নিয়ে পরিচালিত হচ্ছে। বোয়েসেলের বৈদেশিক নিয়োগ, হিসাব ও বিদ্যমান জনবল ব্যবস্থাপনার জন্য মানব সম্পদ ব্যবস্থাপনা সফটওয়্যার ব্যবহৃত হচ্ছে।

**বোয়েসেলের সার্ভিস চার্জ:**

কোন বিদেশী নিয়োগকারী প্রতিষ্ঠান বোয়েসেলকে কোন কমিশন প্রদান না করলে বোয়েসেল কর্মীদের নিকট হতে নিম্নবর্ণিত হারে সার্ভিস চার্জ গ্রহণ করে থাকে:

| ক্যাটাগরী | নিয়োগকর্তা কর্মীর বিমান ভাড়া প্রদান করলে | নিয়োগকর্তা কর্মীর বিমান ভাড়া প্রদান না করলে |
|---|---|---|
| অদক্ষ/স্বল্প দক্ষ | ২৬,৪০০/- টাকা | ২০,৪০০/- টাকা |
| দক্ষ | ৪২,০০০/- টাকা | ৩০,০০০/- টাকা |
| পেশাজীবী | ৭২,০০০/- টাকা | ৫৪,০০০/- টাকা |
| দক্ষ মহিলা গার্মেন্টস কর্মী | ১২,০০০/- টাকা | |
| কোন নিয়োগকর্তা ১ বছরে ২০০০ এর অধিক মহিলা গার্মেন্টস কর্মী নিয়োগ করলে | ১০,০০০/- টাকা | |
| EPS এর মাধ্যমে দক্ষিণ কোরিয়া কর্মী প্রেরণ | ২০,১৬০/- টাকা | |

**বিনা খরচে অভিবাসন:**

বোয়েসেল বিনা খরচেও বিদেশে কর্মী প্রেরণ করে থাকে। এসবক্ষেত্রে সংশ্লিষ্ট কোম্পানি কর্মীর ইন্টারভিউ হতে সেদেশে গমন পর্যন্ত সকল ব্যয় বহন করে থাকে। এমনকি বোয়েসেলের যে সার্ভিস চার্জ কোম্পানি প্রদান করে থাকে। সদ্য সমাপ্ত অর্থবছরে শূন্য অভিবাসন ব্যয়ে প্রেরিত কর্মীর তথ্য নিম্নে প্রদান করা হলো:

| অর্থবছর | মোট প্রেরিত কর্মী | শূন্য অভিবাসন ব্যয়ে প্রেরিত কর্মী | (%) |
|---|---|---|---|
| ২০১৮-২০১৯ | ১১,৫১৯জন | ৬৩৬৬ জন | ৫৫.২৬% |

**নারী কর্মী অভিবাসন:**

বাংলাদেশ সরকারের নারীর ক্ষমতায়ন ও আর্থ-সামাজিক মর্যাদা বৃদ্ধির লক্ষ্য বাস্তবায়নের অংশ হিসেবে বোয়েসেল নারী অভিবাসন প্রক্রিয়াকে সহজতর ও সুবিধাজনক করতে বিশেষ উদ্যোগ গ্রহণ করেছে। এছাড়াও বোয়েসেল-এর নির্ধারিত সার্ভিসচার্জের হার শিথিল করে দক্ষ নারী গার্মেন্টস কর্মীদের নিরাপদ অভিবাসন নিশ্চিত করছে। নিম্নে সদ্য সমাপ্ত অর্থবছরে প্রেরিত নারী কর্মীর তথ্য প্রদান করা হলো:

| অর্থবছর | মোট প্রেরিত কর্মীর সংখ্যা | প্রেরিত নারী কর্মীর সংখ্যা | শতকরা হার |
|---|---|---|---|
| ২০১৮-২০১৯ | ১১,৫১৯জন | ৯২১০ জন | ৭৯.৯৫ |

**দক্ষিণ কোরিয়ায় কর্মী নিয়োগ সংক্রান্ত তথ্য:**

**Employment Permit System** এর আওতায় বাংলাদেশ ও দক্ষিণ কোরিয়া সরকারের মধ্যে সম্পাদিত চুক্তি অনুযায়ী বোয়েসেলের মাধ্যমে ২০০৮ খ্রি. হতে দক্ষিণ কোরিয়ায় কর্মী প্রেরণ করা হচ্ছে। এ পদ্ধতির প্রধান বৈশিষ্ট্য নিম্নরূপ:

১) কর্মীদের অভিবাসন ব্যয় ৯৫০ (নয়শত পঞ্চাশ) মার্কিন ডলার মাত্র।

২) কর্মীগণ দক্ষিণ কোরিয়ায় ওভারটাইমসহ মাসিক ১ (এক) লক্ষ টাকার উপরে আয় করে থাকে এবং তাদের থাকা এবং খাবার ব্যবস্থা নিয়োগকারী কোম্পানি করে থাকে।

৩) ৩০ জুন ২০১৯ পর্যন্ত **EPS** এর মাধ্যমে মোট ২০,৯৫০ জন কর্মী চাকুরি নিয়ে বোয়েসেলের মাধ্যমে কোরিয়া গমন করেছে।

৪) **EPS** এর মাধ্যমে দক্ষিণ কোরিয়ায় গমনের জন্য কর্মী নির্বাচন এবং কর্মী প্রেরণসহ সকল প্রক্রিয়া **Online** এ অত্যন্ত স্বচ্ছতার সঙ্গে সম্পন্ন করা হয়।

৫) ২০১৮-২০১৯ অর্থবছরে প্রেরিত ১১,৫১৯ জন কর্মীর মধ্যে **EPS** এর মাধ্যমে মোট ২,০১২ জন কর্মী চাকুরি নিয়ে কোরিয়া গমন করেছে।

**জর্ডানে গার্মেন্টস কর্মী নিয়োগ সংক্রান্ত তথ্য:**

২০০৬ সন হতে জর্ডান সরকার বাংলাদেশ হতে কর্মী নিয়োগ বন্ধ করে দেয়। প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় এবং জর্ডানস্থ বাংলাদেশ দূতাবাসের বিশেষ চেষ্টায় ২০১০ সনের সেপ্টেম্বর মাস হতে জর্ডান সরকার বাংলাদেশ হতে শুধুমাত্র মহিলা গার্মেন্টস কর্মী নিয়োগের অনুমতি প্রদান করায় বোয়েসেলের মাধ্যমে দক্ষ নারী কর্মীর পাশাপাশি কিছু সংখ্যক দক্ষ পুরুষ গার্মেন্টস কর্মী জর্ডানে কর্মসংস্থানের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

ক) জর্ডানের গার্মেন্টস কোম্পানির প্রতিনিধি ঢাকায় এসে ব্যবহারিক পরীক্ষা গ্রহণের মাধ্যমে প্রকৃত মহিলা গার্মেন্টস কর্মী নির্বাচন করে থাকে।

খ) প্রত্যেক মহিলা গার্মেন্টস কর্মী ন্যূনপক্ষে মাসিক **২০,০০০/-** টাকা আয় করছে এবং কর্মীদের থাকা, খাবার এবং চিকিৎসার ব্যবস্থা কোম্পানি করে থাকে।

গ) বোয়েসেলের কোন এজেন্ট বা সাব এজেন্ট নাই, বিধায় নারী কর্মীরা সরাসরি বোয়েসেল অফিসে যোগাযোগ করে কোন প্রকার প্রতারণা বা হয়রানি ছাড়াই বিদেশ যেতে পারছে।

ঘ) ৩০ জুন ২০১৯ পর্যন্ত জর্ডানের বিভিন্ন গার্মেন্টসে মেট ৫৮,৯০২ জন মহিলা কর্মী প্রেরণ করা হয়েছে।

ঙ) ২০১৮-২০১৯ অর্থবছরে প্রেরিত ১১,৫১৯ জন কর্মীর মধ্যে জর্ডানের বিভিন্ন গার্মেন্টসে মোট ৯,২১০ জন নারীকর্মী চাকুরি গ্রহণ করেছে।

**জাপানে টেকনিক্যাল ইন্টার্ণ প্রেরণ:**

বোয়েসেল জাপানে কর্মী প্রেরণের কাজ শুরু করেছে। ইতোমধ্যে পাঁচটি Supervising Organization সাথে MOC/ চুক্তি স্বাক্ষরিত হয়েছে :

- ZENKOKU JINZAI SHIEN JIGYO KYODO KUMIAI
- MAEBASHI KOKUSAI SHIEN KYOUDU KUMIAI
- THE JURIDICAL FOUNDATION FOR INTERNATIONAL PERSONNEL MANAGEMENT (I.P.M)
- KAGAMIHARA CHAMBER OF COMMERCE & INDUSTRY
- KYODO KUMIAI ACCUMULATION
- উক্ত চুক্তির অধীনে ২০১৮-২০১৯ অর্থ বছরে তিন জন টেকনিক্যাল ইন্টার্ন জাপানে প্রেরণ করা হয়েছে।

বোয়েসেলের মাধ্যমে ১৯৮৩-৮৪ অর্থ বছর হতে অদ্যাবধি বিদেশে প্রেরিত জনশক্তির বছরওয়ারী হিসাব:

| অর্থবছর | সংখ্যা | অর্থবছর | সংখ্যা |
|---|---|---|---|
| ১৯৮৩-১৯৮৪ (২৬/০১/৮৪ হতে) | ৪২ | ২০০১-২০০২ | ১৪৭ |
| ১৯৮৪-১৯৮৫ | ১৯৫২ | ২০০২-২০০৩ | ৩২৫ |
| ১৯৮৫-১৯৮৬ | ২০০৪ | ২০০৩-২০০৪ | ৩৬৫ |
| ১৯৮৬-১৯৮৭ | ৬১৬ | ২০০৪-২০০৫ | ৪১৯ |
| ১৯৮৭-১৯৮৮ | ১৯৭ | ২০০৫-২০০৬ | ৭৯২ |
| ১৯৮৮-১৯৮৯ | ৭৭৩ | ২০০৬-২০০৭ | ৭৮৪ |
| ১৯৮৯-১৯৯০ | ৫০৮ | ২০০৭-২০০৮ | ৭৯৬ |
| ১৯৯০-১৯৯১ | ৩৫৭ | ২০০৮-২০০৯ | ২১৮২ |

| | | | |
|---|---|---|---|
| ১৯৯১-১৯৯২ | ৪১৩ | ২০০৯-২০১০ | ১৩০৬ |
| ১৯৯২-১৯৯৩ | ৩৮৭ | ২০১০-২০১১ | ৬৪৬৯ |
| ১৯৯৩-১৯৯৪ | ৩৬১ | ২০১১-২০১২ | ৫০০২ |
| ১৯৯৪-১৯৯৫ | ৩৪০ | ২০১২-২০১৩ | ৭০৮১ |
| ১৯৯৫-১৯৯৬ | ৫৭৯ | ২০১৩-২০১৪ | ৭৬৮০ |
| ১৯৯৬-১৯৯৭ | ৩৯৪ | ২০১৪-২০১৫ | ১০,১৫২ |
| ১৯৯৭-১৯৯৮ | ৩৪৩ | ২০১৫-২০১৬ | ১০,২৩৮ |
| ১৯৯৮-১৯৯৯ | ৪৮৬ | ২০১৬-২০১৭ | ১০,২৪৩ |
| ১৯৯৯-২০০০ | ১৬২ | ২০১৭-২০১৮ | ১১,০৩৩ |
| ২০০০-২০০১ | ৫৪১ | ২০১৮- ২০১৯ | ১১,৫১৯ |
| | | মোট (জন)= | ৯৬,৯৪৮ |

## কোম্পানির অডিট পদ্ধতি

বোয়েসেল বাংলাদেশ কোম্পানি আইনের অধীনে গঠিত একটি পাবলিক লিমিটেড কোম্পানি, যা শেয়ার দ্বারা সীমাবদ্ধ। কোম্পানিটি কোম্পানি আইনের ২১০ ধারা এবং বোয়েসেলের আর্টিকেলস অব অ্যাসোসিয়েশনের ১৭৩ ধারা অনুযায়ী প্রতিবছর অডিট ফার্ম নিয়োগ করে থাকে এবং নিয়োগকৃত অডিট ফার্ম আর্থিক বিষয়াদির অডিট সম্পন্ন করে থাকে। এছাড়াও কোম্পানিটির ৫১% শেয়ারের মালিক সরকার বিধায় বোয়েসেলের সকল অর্থিক লেনদেন মিশন অডিট কর্তৃপক্ষ কর্তৃক নিয়মিত অডিট করা হয়। বার্ষিক অডিট রিপোর্ট বোয়েসেলের বার্ষিক সাধারণ সভায় উপস্থাপন ও অনুমোদন করা হয়।

## বোয়েসেলের আয়-ব্যয়

২০১৮-২০১৯ অর্থবছরে ১৯,০৫,৫৮,৩৪৯/- (উনিশ কোটি পাঁচ লক্ষ আটান্ন হাজার তিনশত উনপঞ্চাশ) টাকা মোট আয় করেছে। উক্ত অর্থ হতে অপারেটিং, প্রশাসনিক ব্যয় বাবদ ৬,০২,৪১,১৯৪/- (ছয় কোটি দুই লক্ষ একচল্লিশ হাজার একশত চুরানব্বই) টাকা ব্যয় হয়েছে।

বিগত ২০১৭-২০১৮ এবং ২০১৮-২০১৯ অর্থবছরের আয় ও মুনাফা বৃদ্ধির তুলনামূলক চিত্রঃ

| অর্থ বছর | মোট আয় (টাকা | মোট ব্যয় (টাকা) | মোট মুনাফা (টাকা) | আয় বৃদ্ধির হার (%) | মুনাফা দ্ধির হার (%) |
|---|---|---|---|---|---|
| ২০১৭-২০১৮ | ১৭,০৬,৯৯,৫২৭/- | ৫,৫৬,৭৮,৫৪২/- | ১১,৫০,২০,৯৮৫/- | - | - |
| ২০১৮-২০১৯ | ১৯,০৫,৫৮,৩৪৯/- | ৬,০২,৪১,১৯৪/- | ১৩,০৩,১৭,১৫৫/- | ১১.৬৪% | ১৩.৩০% |

## সরকারি কোষাগারে আয়কর ও লভ্যাংশ বাবদ প্রদান

বোয়েসেল একটি লাভজনক সরকারি প্রতিষ্ঠান হিসাবে নিয়মিত আয়কর ও ডিভিডেন্ট প্রদান করে থাকে। বোয়েসেল আয়কর বাবদ ৪,৫৬,১১,০০৪/- (চার কোটি ছাপ্পান্ন লক্ষ এগারো হাজার চার) টাকা এবং লভ্যাংশ বাবদ ৭,৬৫,০০০/- (সাত লক্ষ পঁয়ষট্টি হাজার) টাকা প্রদান করেছে।

**২০১৮-১৯ অর্থ বছরে বোয়েসেল এর কর্মী প্রেরণ সংক্রান্ত তথ্য:**

২০১৮-১৯ অর্থ বছরে বোয়েসেলের মাধ্যমে প্রেরণকৃত মোট ১১,৫১৯ জন কর্মীর দেশ ও পেশাওয়ারী তথ্য নিম্নে ছকে প্রদান করা হলো:

| দেশ | পেশাজীবী | দক্ষ | স্বল্প দক্ষ | মোট |
|---|---|---|---|---|
| জর্ডান | ৮ | ৯,৪৮৬ | - | ৯,৪৯৪ |
| জাপান | - | ৩ | - | ৩ |
| মালদ্বীপ | - | ৭ | ১ | ৮ |
| দক্ষিণ কোরিয়া | - | - | ২,০১২ | ২,০১২ |
| বাহরাইন | - | ২ | - | ২ |
| মোট | ৮ | ৯,৪৯৮ | ২,০১৩ | ১১,৫১৯ |

## এসডিজি বাস্তবায়ন

**নিম্নবর্ণিত ১০.৭ টেকসই উন্নয়ন লক্ষ্য বাস্তবায়ন:**

Target 10.7: Facilitate orderly, safe, regular and responsible migration and mobility of people, including through the implementation of planned and well-managed migration policies.
Indicators: Recruitment cost borne by employee as a percentage of yearly income earned in country of destination

**এসডিজি লক্ষমাত্রা বাস্তবায়নে বোয়েসেল আশানুরুপ সাফল্য অর্জন করেছে। শূন্য অভিভাসন ব্যয়ে ৬৩৬৬ জন কর্মী প্রেরণ করা হয়েছে। নারী কর্মীর সংখ্যা শতকরা ৮০ ভাগে উন্নীত করা হয়েছে। কর্মী প্রতি শতকরা ৩.৯৪ ভাগ ব্যয় হ্রাস পেয়েছে।**

| কার্যক্রম | ২০১৬-১৭ | ২০১৭-১৮ | ২০১৮-১৯ |
|---|---|---|---|
| কর্মী প্রেরণের মোট সংখ্যা | ১০২৪৩ | ১১,০৩৩ | ১১,৫১৯ |
| শুন্য অভিবাসন ব্যয়ে বৈদেশিক নিয়োগ | ৫৯৫১ | ৪৪৮৬ | ৬৩৬৩ |
| কর্মী পিছু বাৎসরিক মোট আয়ের বিপরীতে মোট অভিবাসন ব্যয়ের হার হ্রাস (%) | ৪.৩২% | ৩.৮০% | ৩.৯৪% |
| নারী কর্মী প্রেরণ | ৯৮৪২ | ৭৪১০ | ৯২২০ |
| প্রেরিত মোট কর্মীর মধ্যে নারী কর্মীর হার (%) | ৮৩.২৩% | ৭৩.৮৩% | ৮০.০৪% |

**বৈদেশিক মুদ্রা অর্জনে অবদান:**
**২০১৭-২০১৮ ও ২০১৮-২০১৯ অর্থবছরে কর্মী প্রেরণের মাধ্যমে নিয়োগকর্তার নিকট হতে বোয়েসেল-এর সার্ভিস চার্জ গ্রহণের মাধ্যমে এবং বিদেশ হতে কর্মীর আয় প্রেরণের মাধ্যমে বৈদেশিক মুদ্রা অর্জন করেছে। নিম্নে আয়ের বিবরণ উল্লেখ করা হলো।**

| বৈদেশিক মুদ্রা অর্জন | ২০১৬-১৭ | ২০১৭-১৮ | ২০১৮-১৯ |
|---|---|---|---|
| বিদেশ হতে কর্মীর আয় প্রেরণের মাধ্যমে | ৫৬৩,৯২,৮০,০০০/- | ৬৪৬,৬২,৪৮,০০০/- | ৭৭৩,৪৫,৪০,০০০/- |
| নিয়োগকর্তার নিকট হতে বোয়েসেল-এর সার্ভিস চার্জ গ্রহণের মাধ্যমে * | ৪,০১,৯৩,১৬০/- | ৬,৬৩,৬৫,৫১৩/- | ১১,২৫,৮৯,৩০০/- |
| মোট | ৪৯২,৫০,২৮,৬৪৫/- | ৬৫৩,২৬,১৩,৫১৩/- | ৭৮৪,৭১,২৯,৩০০/- |

**বোয়েসেলের বাজার:**

| স্থায়ী | অস্থায়ী | সম্ভাব্য |
|---|---|---|
| দক্ষিণ কোরিয়া, জর্ডান ও জাপান | মালদ্বীপ, ওমান, কাতার ও বাহরাইন | ইউ.এ.ই, সিশেলস, মরিশাস, সৌদিআরব, রাশিয়া, ইরাক, পোল্যান্ড |

**বোয়েসেলের অন্যান্য অর্জন:**

- ৩১ জুলাই, ২০১৯ পর্যন্ত EPS এর মাধ্যমে মোট ২১,০১০ জন কর্মীকে দক্ষিণ কোরিয়া প্রেরণ করা হয়;
- ৩১ জুলাই, ২০১৯ পর্যন্ত বোয়েসেলের মাধ্যমে ৫৮,৮৭১ জন মহিলা এবং ৮১৩জন পুরুষ সহ মোট ৫৮,৯০২ জন গার্মেন্টস কর্মীকে জর্ডানে প্রেরণ করা হয়;
- গত ২০১৮-২০১৯ অর্থবছরে বিভিন্ন দেশে ১১,৫১৯ জন কর্মীকে প্রেরণ করা হয়;
- বোয়েসেল-এর প্রতিষ্ঠাকাল হতে ৩১ জুলাই, ২০১৯ পর্যন্ত মোট ৯৭,৮৪৪ জন কর্মীকে বিভিন্ন দেশে প্রেরণ করা হয়।
- বাংলাদেশ ওভারসিজ এমপ্লমেন্ট অ্যান্ড সার্ভিসেস লিমিটেড (বোয়েসেল) ISO 9001: 2015 সনদপ্রাপ্ত একটি সরকারি প্রতিষ্ঠান;
- কর্মী নির্বাচন হতে শুরু করে চূড়ান্ত বিদেশ গমন পর্যন্ত সকল কাজ অনলাইন পদ্ধতিতে সম্পন্ন করা হচ্ছে;
- কর্মীদের দক্ষতা বৃদ্ধির জন্য ২০১৬-১৭ অর্থবছর হতে নিয়মিত বার্ষিক প্রশিক্ষণ ম্যানুয়েল তৈরী, প্রকাশ ও তদানুযায়ী প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করা হচ্ছে;
- বিদেশগামী কর্মীদের সচেতনতা ও আচরণগত প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে;
- জাতীয় তথ্য বাতায়নে অবস্থিত এ সংস্থার ওয়েবসাইটি নিয়মিত হালনাগাদ করা হয়;
- ই-মেইল যোগাযোগ তথ্যের নিরাপদ ওয়েব ক্লাউডিং সেবা গ্রহণ করা হয়েছে;
- বিদেশগামী কর্মীদেরকে প্রয়োজনীয় তথ্য প্রেরণে এস.এম.এস গেটওয়ে সেবা চালু করা হয়েছে;
- সিটিজেন চার্টার বোয়েসেলের ওয়েব সাইটে প্রকাশ করা হয়েছে;
- ব্যাংকের মাধ্যমে সকল লেনদেন সম্পন্ন করা হচ্ছে;
- অ্যাকাউন্টিং সফটওয়ার মাধ্যমে বোয়েসেলের সকল আয়-ব্যয়ের সঠিকভাবে রাখা হচ্ছে;
- বোয়েসেলের কার্যক্রম অটোমেশন নিশ্চিত করার জন্য বেকআপসহ ৪ (চার)টি সার্ভার স্থাপন করা হয়েছে;
- নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিতকরণে ৩৩ কেভি ক্ষমতাসম্পন্ন জেনারেটর স্থাপন করা হয়েছে;
- বায়ো-মেট্রিক এক্সেস কন্ট্রোল মেশিনের মাধ্যমে কর্মীদের হাজিরা নিশ্চিত করা হয়েছে;

- বোয়েসেল-এর মাধ্যমে বৈদেশিক নিয়োগ তথ্য জানার জন্য মোবাইল অ্যাপস্ চালু করা হয়েছে;
- বোয়েসেল-এর সাংগঠনিক কাঠামো ৭৬ জনে উন্নিত করা হয়েছে;
- স্মল ইমপ্রুভমেন্ট প্রজেক্ট (এস আই পি)'র আওতায় দক্ষিণ কোরিয়াগামী কর্মীদের জন্য ওয়ান স্টপ সার্ভিস সেন্টার স্থাপন করা হয়েছে;
- সেবা সহজিকরণের আওতায় কর্মীদের বহি:গমন ছাড়পত্র সংগ্রহ, পাসপোর্ট, জামানত ফেরত প্রদান দ্রুত ও সহজতর করা হয়েছে, এবং আন্ত:শাখা যোগাযোগে অফিস মেমোরেন্ডাম (মেমো) 'র প্রচলন সহ প্রশাসনিক ও আর্থিক সংস্কার করা হয়েছে;
- ই-নথি ও ই-জিপি বাস্তবায়ন করা হয়েছে;
- বোয়েসেল-এর সকল কাজে দুর্নীতির প্রভাবমুক্ত ও স্বচ্ছতা নিশ্চিত করা হয়েছে;
- ব্যবস্থাপনা পরিচালক কর্তৃক সিসিটিভির মাধ্যমে প্রাত্যহিক কাজ মনিটরিং করা হয়; এবং
- দক্ষিণ কোরিয়াগামী কর্মীদের দক্ষতা বৃদ্ধির জন্য ৩ দিন ব্যাপী ২০ঘন্টা ভাষা প্রশিক্ষণ কোর্স চালু করা হয়েছে।
- দক্ষিণ কোরিয়াগামী কর্মীদের জন্য বুয়েটে-এর সহযোগিতায় অনলাইন অ্যাপলিকেশন গ্রহণ পোর্টাল চালু করা হয়েছে।
- বোয়েসেল কর্তৃক নৈতিক নিরাপদ ও স্বল্পব্যয়ে বৈদেশিক নিয়োগ কার্যক্রম ও সচেতনতা বৃদ্ধিমূলক টিভিসি প্রস্তুত করা হয়েছে।
- সুষ্ঠু অফিস ব্যবস্থাপনার জন্য ১২ জন জনবল ধারণ ক্ষমতাসম্পন্ন ওয়ার্ক-স্টেশন তৈরী করা হয়েছে।
- সুষ্ঠু অফিস ব্যবস্থাপনার জন্য ১৪ জন ধারণ ক্ষমতাসম্পন্ন সভাকক্ষ নির্মাণ করা হয়েছে।

২৪.১০.২০১৮

নূর আহমেদ
উপমহাব্যবস্থাপক
(প্রশাসন, মানবসম্পদ ও অর্থ)